

গ্রন্থ ও প্রকাশনা বিষয়ক সাহিত্য নির্ভর অনলাইন পত্রিকা 'বইপত্রে'র উদ্বোধন

মাহবুবুর রহমান বাবুঃ গ্রন্থ ও প্রকাশনা নির্ভর অনলাইন পত্রিকা 'বইপত্র বিডিডটকম' (www.boipotrobd.com) এর আনুষ্ঠানিক উদ্বোধন গত সোমবার ১৯ ডিসেম্বর বিকাল ৩টায় বাংলাদেশের ধানমন্ডিতে একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়। বইপত্র এর উদ্বোধন করেন জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক কবি রফিক আজাদ। এসময় তিনি বলেন, আমাদের জাতিকে গড়তে হলে তরুণদের এগিয়ে আসতে হবে। তাদের দিকে তাকিয়েই আমরা ভবিষ্যৎ রচনা করি। তিনি বলেন, আজকের তারুণ্যই আগামী দিনে ভবিষ্যৎ বিনির্মাণ করবে। মুক্তিযুদ্ধে তরুণদের ভূমিকার কথা উল্লেখ করে রফিক আজাদ বলেন, আগামী দিনের ডিজিটাল বাংলাদেশ গড়বে তরুণরাই। সাহিত্যের অনলাইন বইপত্র প্রকাশে তরুণদের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন তিনি।

এতে অন্যান্যদের মধ্য উপস্থিত ছিলেন তিতুমীর কলেজের অধ্যক্ষ ড. দিলারা হাফিজ, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সভাপতি আলমগীর শিকাদার লোটন, স্টামফোর্ড ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের মেম্বর মো. জাকির হোসেন, অন্বেষা প্রকাশনীর প্রকাশক মো. শাহাদাত হোসেন, নন্দিতা



বইপত্র অনলাইনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কবি রফিক আজাদ

প্রকাশনীর প্রকাশক বিভি রঞ্জন, বাংলাদেশ আওয়ামী যুব লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য শ্যামল কুমার রায়, বইপত্র প্রকাশন বাংলাদেশের স্বত্বাধিকারী মাহমুদা আকতার সীমা, বইপত্রের প্রধান সম্পাদক আল নোমান শামীম, সোহরাব আলী দেওয়ান কালচারাল সোসাইটির উপ-নির্বাহী পরিচালক মোশাররফ হোসেন, নির্বাহী সম্পাদক ইমদাদ হক, সহযোগী সম্পাদক নাজমুল হক জেনিথ ও আহমেদ সজল প্রমুখ।

ড. দিলারা হাফিজ বলেন, তারুণ্যের প্রচেষ্টার মাধ্যমেই ডিজিটাল বাংলাদেশ গড়ে ওঠবে। এছাড়া ব্যতিক্রমী সাহিত্য, গ্রন্থ ও প্রকাশনা বিষয়ক এ উদ্যোগ আমাদের অস্তিত্বের শিকড় বিস্তৃতিতে ভূমিকা রাখবে।

বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সভাপতি আলমগীর শিকাদার লোটন বলেন, প্রবাসী বাংলাদেশীদের সঙ্গে সম্পর্ক স্থাপনে বইপত্রের এ প্রচেষ্টা সহায়ক নিঃসন্দেহে প্রশংসনীয়।

স্টামফোর্ড ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের মেম্বর মো. জাকির হোসেন বলেন, আমাদের তরুণরাই পারে ইতিবাচক আন্দোলনের মাধ্যমে সত্যের বিকাশ ঘটাতে। বইপত্রের মাধ্যমে এদেশের তরুণদের লুক্কায়িত মেধার বিকাশ ঘটবে বলে মন্তব্য করেন তিনি। অনুষ্ঠান পরিচালনা করেন বইপত্রের প্রধান সম্পাদক আল নোমান শামীম। অনুষ্ঠানটি সমন্বয় করেন ঐক্য প্রকাশনীর স্বত্বাধিকারী ও তরুণ সংগঠক সালাউদ্দিন টুকু।



গ্রন্থ ও প্রকাশনা নির্ভর ও সাহিত্য নির্ভর অনলাইন পত্রিকা বইপত্রবিডিডটকম (www.boipotrobd.com) বাংলাদেশ ও অস্ট্রেলিয়া থেকে যৌথ উদ্যোগে প্রকাশিত হচ্ছে। আগ্রহী লেখকরা boipotrobd@gmail.com এ ঠিকানায় লেখা পাঠাতে পারবেন।